গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.৭৮০০.০৪২.৯৯.০৫৭.১৯.**৪৫৯**

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১ / ২১ এপ্রিল ২০২৪

**বিষয়ঃ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট ফান্ডের অর্থায়নে জেলা পরিষদ, পটুয়াখালী কর্তৃক বাস্তবায়নাধীন "জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলায় পটুয়াখালী জেলার দুঃস্থ জনগণের জন্য সুপেয় পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্য উন্নয়ন" শীর্ষক প্রকল্পের মেয়াদ বৃদ্ধিকরণের প্রস্তাব সংক্রান্ত।**

সূত্রঃ জেলা পরিষদ, পটুয়াখালী এর স্মারক-৪১, তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২৪।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট ফান্ডের অর্থায়নে জেলা পরিষদ, পটুয়াখালী কর্তৃক বাস্তবায়নাধীন "জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলায় পটুয়াখালী জেলার দুঃস্থ জনগণের জন্য সুপেয় পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্য উন্নয়ন" শীর্ষক প্রকল্পের মেয়াদ বৃদ্ধিকরণের প্রস্তাব সূত্রস্থ পত্রের মাধ্যমে পাওয়া গেছে। কিন্তু প্রস্তাবের সাথে নিম্নবর্ণিত তথ্যাদি প্রেরণ করা হয়নি:

| | |
|---|---|
| (ক) | জলবায়ু পরিবর্তন ট্রাস্টের নির্ধারিত চেকলিষ্ট (কপি সংযুক্তি) এর ক্রমিক-৭ এর বর্ণনা অনুযায়ী প্রকল্প প্রস্তাবের প্রতি পৃষ্ঠায় বাস্তবায়কারী সংস্থার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও নামযুক্ত সীল দেওয়া হয়নি; |
| (খ) | প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত Project Implementation Committee (PIC) সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে, কিন্তু কার্যবিবরণীতে কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করা হয়নি; |
| (গ) | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট হতে ৩য় কিস্তির অর্থ ছাড়/অবমুক্তির মঞ্জুরীপত্র সংযুক্ত করা হয়নি এবং |
| (ঘ) | বাস্তবায়িত কাজের স্থির চিত্র প্রস্তাবের সাথে সংযুক্ত করা হয়নি। |

২। এমতাবস্থায়, উল্লিখিত তথ্যসহ বর্ণিত প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১ পাতা।

২১/৪/২০২৪

মাহবুবা আইরিন
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

**বিতরণ:**

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, পটুয়াখালী।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পটুয়াখালী।

**অনুলিপি:**

১. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পুরাতন বন ভবন-১০১, মহাখালী, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।